

COVID-19

জরুরী ত্রাণ



the
power of
humanity



COVID-19 মহামারী দ্বারা প্রভাবিত অস্ট্রেলিয়ায় অস্থায়ী ভিসায় যে সকল ব্যক্তির রয়েছেন অস্ট্রেলিয়ান রেড ক্রস তাঁদের জন্য জরুরী ত্রাণ সরবরাহ করছে।

আমরা অস্ট্রেলিয়ান সরকার ও বিভিন্ন সংস্থার অর্থায়নে খাদ্য পার্সেল, কেস ওয়ার্ক এবং ওয়ান-অফ পেমেন্টের ব্যাপারে সহায়তা করতে পারি।

নিম্নলিখিত মানদণ্ডগুলি পূরণ করলে আপনি যোগ্য হতে পারেন:

- আপনি অস্ট্রেলিয়ান নাগরিক বা স্থায়ী বাসিন্দা নন
- আপনার তাৎক্ষণিক কোন প্রয়োজন আছে যেমন খাদ্য বা ওষুধের খরচ
- আপনার প্রয়োজনগুলো মেটাবার জন্য আপনার কোন আয় বা সঞ্চয় নেই

আমি কিভাবে আবেদন করবো?

আপনাকে অবশ্যই আমাদের অনলাইন পোর্টাল

redcross.org.au/emergencyrelief

এর মাধ্যমে আবেদন করতে হবে

আপনার আবেদনের আগে আপনাকে এই নথিগুলি প্রস্তুত করতে হবে:

- আপনার ভিসার স্ট্যাটাসের প্রমাণ যেমন পাসপোর্ট নম্বর
- আপনার অ্যাকাউন্টের নাম, বিএসবি এবং অ্যাকাউন্ট নম্বর দেখাচ্ছে এমন একটি ব্যাঙ্ক ডকুমেন্ট

আপনি যদি অনিশ্চিত থাকেন বা এখনই বৈধ ভিসা না পেয়ে থাকেন তবে আপনি এখনও আবেদন করতে পারেন এবং আপনার আবেদনটি আলোচনা করতে আমরা আপনার সাথে যোগাযোগ করব।

আপনি আমার ব্যক্তিগত তথ্য কেন চান?

আপনার অনলাইন আবেদনে আপনি যে তথ্য সরবরাহ করেন তা রেড ক্রস পোর্টালে প্রেরণ করা হয়। এটি কোনও সরকারী ডাটাবেস বা সিস্টেম নয় এবং এটি আপনার বর্তমান বা ভবিষ্যতের ভিসাকে প্রভাবিত করবে না।

আমার যদি অ্যাপ্লিকেশনটিতে সাহায্যের প্রয়োজন হয়?

আপনি যদি নিজের থেকে আবেদনটি সম্পূর্ণ করতে না পারেন তবে আপনি পরিবারের সদস্য, বন্ধু বা অন্য কোনও সংস্থার সাহায্য নিতে পারেন। আপনার আবেদন জমা দেওয়ার পরে, একটি রেড ক্রস দলের সদস্য আপনার আবেদনটি পর্যালোচনা করবে এবং টেলিফোনে আপনার সাথে যোগাযোগ করতে পারেন।
রেড ক্রস ওয়েবসাইটেও ধাপে ধাপে করার গাইড পাওয়া যায়।

আমার পেমেন্টটি পাবার জন্য কতদিন লাগতে পারে?

আমরা বহু সংখ্যক অ্যাপ্লিকেশন পেয়ে থাকার কারণে আপনার আবেদনে সাড়া দিতে দেরি হবে। অনুগ্রহ করে আপনার অর্থ প্রদানের তারিখ সম্পর্কিত প্রশ্নের সাথে ইমেল বা কল করবেন না, এবং আপনার সাথে যোগাযোগ করার জন্য কোনও কর্মী সদস্যের জন্য অপেক্ষা করুন।